গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ : ১৭/১১/২০১৬খ্রি.

২০১৬ সালের ডিগ্রী (পাস) কোর্স ১ম বর্ষ নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট (৭০০) নম্বরের পরীক্ষার্থীদের ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সালের বি.এ/বি.এস.এস/ বি.বি.এস/ ডিগ্রী (পাস) কোর্স ১ম বর্ষ নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিল ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) - এ প্রবেশ করে Apply to online form Fillup (For Student) – এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করে অনলাইন থেকে একটি প্রিন্ট কপি নিয়ে নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) নিয়মিত/অনিয়মিত ছাত্রীদের শিওরক্যাশ এজেন্ট এর মাধ্যমে জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ উল্লেখিত সময়ের মধ্যে রেজি:শাখায় জমা দিতে হবে।

প্রাইভেট ছাত্রীদের নির্ধারিত ফিসের টাকা এবং অনলাইনে পূরণকৃত ফরমটির প্রিন্ট কপি নিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজি:শাখায় জমা দিতে হবে।

ফিসের টাকা জমা ও আবেদন ফরম পূরণের সময়সূচী

ক্রমিক নং	গ্রুপ/বিভাগ	অনলাইন থেকে আবেদন ফরম পূরণ পূর্বক প্রিন্ট কপি গ্রহণ ও টাকা জমার তারিখ	আবেদনর ফরম ও টাকা জমার স্থান	সময়
১	বি.এ (পাস)	২২/১১/২০১৬	নিজের শিওর ক্যাশ মোবাইল একাউন্ট/শিওর ক্যাশ এজেন্টের মাধ্যমে (ডিগ্রী (পাস) এর ক্ষেত্রে EDEND কোডটি ব্যবহার করে) জমা দিবে।	সকাল ১০:০০ থেকে বেলা ১:০০টা
২	বি.এস.এস (পাস)	২৩/১১/২০১৬		
৩	বি.বি.এস (পাস)	২৪/১১/২০১৬		
৪	সকল বিভাগের জন্য (যারা নির্ধারিত দিনে জমা দিতে পারে নাই	২৬/১১/২০১৬ থেকে ৩০/১১/২০১৬		

উল্লেখিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

নির্ধারিত ফিসের পরিমাণ ঃ (ক) বিএ,বিবিএস/বিএসএস (নিয়/অনি) ৭ পত্র = ১৩০০/- টাকা।
(খ) বিএ,বিবিএস/বিএসএস (প্রাইভেট) ৭ পত্র = ১৫০০/- টাকা।
(গ) (সার্টিফিকেট কোর্স) ২ পত্র = ১০০০/- টাকা।

১। প্রয়োজনীয় কাগজপত্র ঃ

(ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি এবং ফিসের টাকা জমা রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(খ) প্রত্যেক ছাত্রীর সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকাতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী নিম্নরূপ ঃ-

২। নিয়মিত/প্রাইভেট (৭০০ নম্বর) পরীক্ষার্থীদের জন্য ঃ

(ক) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্রী ও ২০১৬ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ গ্রহণ করবে।

(খ) উপরোক্ত পরীক্ষার্থীদেরকে ১ম বর্ষে স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস (আবশ্যিক) এবং নৈর্বাচনিক বিষয়গুলির ১ম ও ২য় পত্রসহ ৭পত্র পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

(গ) ১ম বর্ষের নির্ধারিত সব পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

৩। অনিয়মিত (৭০০ নম্বর) পরীক্ষার্থীদের জন্য ঃ

(ক) ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।

(খ) ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত বিষয়ে এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।

(গ) ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।

(ঘ) ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করবে।

(ঙ) উপরোক্ত পরীক্ষার্থীদেরকে ১ম বর্ষে স্বাধীন বাংলাদেশের অভ্যূদয়ের ইতিহাস (আবশ্যিক) এবং নৈর্বাচনিক বিষয়গুলির ১ম ও ২য় পত্রসহ ৭পত্র পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

(চ) ১ম বর্ষের নির্ধারিত সব পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

৪। সার্টিফিকেট কোর্স (২০০ নম্বর) পরীক্ষার্থীদের জন্য ঃ

(ক) ২০১৩-১৪, ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিষ্ট্রেশনকৃত পরীক্ষার্থী এ পরীক্ষায় ১ম বর্ষে নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করবে ।

৫। অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ঃ

(ক) ২০১৩-১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যারা Not Promoted) হবে বা কোন পত্রে C/D ও F গ্রেড পাবে তাদের আবেদন ফরম পূরণের জন্য ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর পৃথকভাবে বিজ্ঞপ্তি দেয়া হবে। উল্লেখ্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ (অকৃতকার্য/মানোন্নয়ন) এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সকল পরীক্ষার্থীর পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হবে।

বি.দ্র: * অবশ্যই অনলাইন থেকে আবেদন ফরমের প্রিন্ট কপি এনে ফরম পূরণের ফিসের টাকা জমা দিতে হবে। ভুলবশত/অতিরিক্ত টাকা জমা দিলে কোন অবস্থাতেই কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

১৭/১১/১৬

(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

বিতরণ :
১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। জনাব মোঃ আদিয়াত হোসেন, সহকারী প্রোগ্রামার,অত্র কলেজ;
(অত্র কলেজ Web-Site ও Face book এ-প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৩। অফিস নথি;